গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মানিকগঞ্জ সদর
www.sadar.manikganj.gov.bd

স্মারক নং ০৫.৪১.৫৬৪৬.০০০.০৩.০০১.২৪-১১৯

২২ মাঘ ১৪৩০
তারিখ : --------------------- ।
০৫ ফেব্রুয়ারি ২০২৪

## " ১৪৩১ বাংলা সনের জন্য হাট/বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি "

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর ২১.০৯.২০১১ তারিখের ৪৬.০৪১.০৩০. ০২.০০. ০০২. ২০১১.৮৭০ নং স্মারকে বর্ণিত নীতিমালার আলোকে মানিকগঞ্জ সদর উপজেলার নিম্নবর্ণিত হাটবাজারসমূহ আগামী ১৪৩১ বাংলা সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরের জন্য অস্থায়ী ইজারা প্রদানের নিমিত্ত নির্ধারিত শর্ত সাপেক্ষে ইচ্ছুক দরদাতাগণের নিকট হতে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ১ম বার বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের পর পরবর্তীতে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ; উপজেলা ভূমি অফিস, মানিকগঞ্জ সদর; সোনালী ব্যাংক লিঃ, উপজেলা কমপ্লেক্স শাখা ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নির্ধারিত মূল্যে (যা নগদ ও অফেরতযোগ্য) দরপত্রের আবেদন ফরম সংগ্রহ করা যাবে। দরপত্র দাখিলের দিন বেলা ১.০০ টা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ; সহকারী কমিশনার (ভূমি), মানিকগঞ্জ সদর ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে হবে। প্রত্যেকবার দরপত্র দাখিলের দিন বিকেল ৩.০০ টায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। সরকারি ইজারা মূল্য কিংবা নীতিমালা মোতাবেক কাঙ্ক্ষিত দর পাওয়া না গেলে পর্যায়ক্রমে তফসিলে বর্ণিত স্থান ও সময়সূচি অনুযায়ী দরপত্র কার্যক্রম অব্যাহত থাকবে। দরপত্র দাখিলের তারিখে কোন দরপত্র (সিডিউল) ক্রয় করা যাবে না। উল্লেখ্য, যে হাট/বাজারের দর গৃহীত হবে উক্ত হাট বাজার ব্যতীত অন্যান্য হাট/বাজারের জন্য তফসিল মোতাবেক পরবর্তী ধার্য তারিখে দরপত্র ক্রয় ও দাখিল করতে হবে। গৃহীত হাট বাজারের তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

দরপত্র দাখিলের তারিখঃ

| ১ম বার | ২য় বার | ৩য় বার | ৪র্থ বার |
|---|---|---|---|
| ১৯-০২-২০২৪ খ্রি. | ০৫-০৩-২০২৪ খ্রি. | ১৯-০৩-২০২৪ খ্রি. | ০৩-০৪-২০২৪ খ্রি. |

হাট বাজারের নাম ও দরপত্রের মূল্যঃ

| নং | হাট বাজারের নাম | সরকারী ইজারা মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|
| ০১ | বাংলাদেশ হাট | ৩,০৭,২৬৮/- | ১,৪০০/- |
| ০২ | ঘোষের বাজার | ২১,৪১২/- | ৫০০/- |
| ০৩ | ডাউটিয়া হাট | ১,৪১৩/- | ৫০০/- |
| ০৪ | তরা বিল্টু স্মৃতি হাট | ৩,৪৪,৩৬০/- | ১,৪০০/- |
| ০৫ | নবগ্রাম দৈনিক বাজার | ৭০০/- | ৫০০/- |
| ০৬ | সরুপাই বাজার | ৬০৫/- | ৫০০/- |
| ০৭ | বারইল বাজার | ৬৫২/- | ৫০০/- |
| ০৮ | উকিয়ারা হাট | ১,২০০/- | ৫০০/- |
| ০৯ | জয়রা গো হাট | ২,৫৯,৮৭৬/- | ১,২০০/- |
| ১০ | ধলেশ্বরী বাজার | ৬০০/- | ৫০০/- |
| ১১ | আটিগ্রাম বাজার | ৫০০/- | ৫০০/- |
| ১২ | কাটিগ্রাম হাট | ৩,৬১,৮৩২/- | ১.৪০০/- |
| ১৩ | বারাহি হাট | ১৩,৯৯২/- | ৫০০/- |
| ১৪ | বেতিলা বাজার | ১১,৩৯৫/- | ৫০০/- |
| ১৫ | পালড়া বাজার | ৫৯,৭১৩/- | ৫০০/- |
| ১৬ | অরঙ্গবাদ নতুন হাট | ৩৫,১৫৬/- | ৫০০/- |
| ১৭ | ভাড়ারিয়া | ১০০০/- | ৫০০/- |
| ১৮ | বালিরটেক হাট | ৫,৫৫,২৪৫/- | ১,৮০০/- |
| ১৯ | ভাটভোগ বাজার | ৫০০/- | ৫০০/- |
| ২০ | হাটিপাড়া হাট | ১,৯৬১/- | ৫০০/- |
| ২১ | বরুন্ডী হাট | ১৩,০৫৫/- | ৫০০/- |
| ২২ | বনপারিল হাট | ৩১,৯২৭/- | ৫০০/- |
| ২৩ | রত্নদিয়া বাজার | ৫০০/- | ৫০০/- |
| ২৪ | পুটাইল হাট | ১,৩৭৮/- | ৫০০/- |
| ২৫ | লেমুবাড়ি হাট | ৫৪,৪১৪/- | ৫০০/- |
| ২৬ | কাফাটিয়া হাট | ১০,৬০০/- | ৫০০/- |
| ২৭ | ঘোস্তা হাট | ৫৪,৭৬৬/- | ৫০০/- |
| ২৮ | কৈতরা হাট | ১০,৫৬৪/- | ৫০০/- |

শর্তসমূহ :

০১। বাংলা ১৪৩১ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১ বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যের ৩০% (শতকরা ৩০ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। উক্ত অর্থ হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উদ্ধৃত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট উদ্ধৃত মূল্যের উপর ১০% আয়কর ১-১১৪১-০০৯৫-০১১১ নং কোডে এবং ১৫% ভ্যাট ১-১১৩৩-০০৩৫-০৩১১ কোডে ট্রেজারি চালানের মাধ্যমে সোনালী ব্যাংকে জমা দিতে হবে। ট্রেজারি চালানের মূল কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে, ব্যর্থতায় জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত করে পুনরায় ইজারা গ্রহণ করা হবে।

০৪। সরকারি মূল্য হতে নিম্নমূল্যে ইজারাদর গৃহীত হবে না। কোন পর্যায়ে ইজারা দর গৃহীত না হলে পরবর্তী পর্যায়ে চলমান থাকবে। দাখিলকৃত ইজারা দর সরকারি মূল্যের চেয়ে বেশি হলে এবং একাধিক দরের ক্ষেত্রে সর্বোচ্চ দর গৃহীত হবে।

০৫। এক হাট বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র সিডিউল অন্য হাট বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রি করা হবে না। এক পর্যায়ের জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য পর্যায়ে আহবানকৃত হাট বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্রদাতার নাম ঠিকানা ও হাটবাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত হারে টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে হাট বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগিয়ে প্রচার করার ব্যবস্থা নিবেন। হাট-বাজার এলাকার মধ্যে মালামাল ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে নির্ধারিত হারে টোল আদায় প্রযোজ্য হবে।

০৮। প্রত্যেক হাট বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাবলীজ দিতে পারবে না।

১০। দুই বা ততোধিক দরদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। কোন প্রকার ঘষা-মাজা ও অসম্পূর্ণ দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১২। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দাখিলকৃত সময়ে হারাহারিভাবে ইজরারার অর্থ কর্তনপূর্বক জমাকৃত বাকী অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা হবে।

১৩। ইজারাদার সমুদয় অর্থ (ভ্যাট আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক যথাযথ কর্তৃপক্ষের সাথে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১৪। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৫। ইজারাদার তার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৬। হাট-বাজার ইজারার বকেয়া টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(লিটন ঢালী) 05/02/24
উপজেলা নির্বাহী অফিসার
মানিকগঞ্জ সদর
ফোন : ০২-৯৯৬৬১০৫৩৯
মোবা: ০১৭১৩৩৫৩৩১৬
ইমেইল: uno.manikganj@mopa.gov.bd

২২ মাঘ ১৪৩০

স্মারক নং ০৫.৪১.৫৬৪৬.০০০.০৩.০০১.২৪-১১৯/১ তারিখ : -------------------- ।

০৫ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি :

০১। জেলা প্রশাসক, মানিকগঞ্জ ।

০২। পুলিশ সুপার, মানিকগঞ্জ ।

০৩। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, মানিকগঞ্জ সদর/শিবালয়/ঘিওর/দৌলতপুর/সাটুরিয়া/সিঙ্গাইর/হরিরামপুর।

০৪। মেয়র, মানিকগঞ্জ পৌরসভা।

০৫। উপজেলা নির্বাহী অফিসার, শিবালয়/ঘিওর/দৌলতপুর/সাটুরিয়া/সিঙ্গাইর/হরিরামপুর, মানিকগঞ্জ।

০৬। সহকারী কমিশনার(ভূমি) ,মানিকগঞ্জ সদর/শিবালয়/ঘিওর/দৌলতপুর/সাটুরিয়া/সিঙ্গাইর/হরিরামপুর, মানিকগঞ্জ।

০৭। অফিসার-ইন-চার্জ, মানিকগঞ্জ থানা।

০৮। চেয়ারম্যান, . . . . . . . . . . . . ইউনিয়ন পরিষদ, মানিকগঞ্জ সদর।

০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,. . . . . . . . . ইউনিয়ন ভূমি অফিস (সকল) , মানিকগঞ্জ সদর-তাকে উল্লিখিত দরপত্র বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১০। সম্পাদক, দৈনিক, . . . . . . . . . . . . . . . . . . . . . . পত্রিকা, মানিকগঞ্জ সদর- তাঁকে বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১১। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . ইজারাদার,. . . . . . . . . ঘাট/হাটবাজার, মানিকগঞ্জ সদর।

১২। নোটিশ বোর্ড।

(লিটন ঢালী) 05/02/24
উপজেলা নির্বাহী অফিসার
মানিকগঞ্জ সদর
ফোন : ০২-৯৯৬৬১০৫৩৯
মোবা: ০১৭১৩৩৫৩৩১৬
ইমেইল: uno.manikganj@mopa.gov.bd